দৈনিক বাংলা

তারিখ ১৮.১২.৮১
পৃষ্ঠা ... কলাম ...

070

389

# মাধ্যমিক শিক্ষা বোর্ডের কাজকর্ম পরীক্ষার জন্য সংসদ টিম

(স্টাফ রিপোর্টার)

দেশের চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কার্যকলাপ পরীক্ষা করে দেখার জন্য জাতীয় সংসদের চারটি টিম গঠন করা হয়েছে।

শনিবার সংসদ সচিবালয়ে প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা সম্পর্কিত জাতীয় সংসদ স্থায়ী কমিটির বৈঠকে এই টিম গঠিত হয়। টিমসমূহ আগামী তিন মাসের মধ্যে প্রতিবেদন পেশ করবে। জাতীয় সংসদের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়েছে।

**সংসদ কমিটির বৈঠক**

জাতীয় সংসদের ১৯৮১ সালের সংসদ কমিটির তৃতীয় মুলতবী

(শেষ পৃঃ ৯ এর কঃ দ্রঃ)

**মাধ্যমিক শিক্ষা**

(১ম পৃঃ পর)

বৈঠক শনিবার সংসদ ভবনের দুই নম্বর কমিটি কক্ষে জনাব মওদুদ আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় সদস্য ভবন ব্যবহারের নিয়মাবলী সম্পর্কে ও সদস্য ভবনের উন্নতি কল্পে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে সংসদ সদস্যদের মধ্যে সর্বজনাব ওমর আহমদ মজুমদার, আবুল মনসুর, আবদুস সাত্তার খান চৌধুরী, শেখ রজ্জাক আলী, মোহাম্মদ শওকত আলী উকিল, মঈনুদ্দীন ভূইয়া ও এ কে এম কে এম আফজাল হোসেন উপস্থিত ছিলেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।